CAPSTONE

Bangla Lecture#05

পেট্রোবাংলা স্পেশাল কোর্স

Overview

- ধাতু ও ধাতুর গণ
- ক্রিয়া বিভক্তি
- প্রকৃতি ও প্রত্যয়
- পদ প্রকরণ
- অনুসর্গ
- রবীন্দ্রনাথ ঠাকুর
- কাজী নজরুল ইসলাম

Name: **Batch:**

Panthapath : 01972-277866
Mirpur : 01970-985421
Mouchak : 01999-017011
Chittangong : 01970-985420

লেকচার শীট-৪ এর উপর মেমোরি টেস্ট-৪

সময়: ১০ মিনিট | প্রাপ্ত নম্বর: | পূর্ণমান: ২০

১. 'গোবর গণেশ' কোন সমাস? [তথ্য মন্ত্রণালয় (সহকারী পরিচালক)-০৩]
ক. উপমান কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয় গ. দ্বন্দ্ব ঘ. দ্বিগু

২. 'হরবোলা' কোন সমাস? [বাংলাদেশ টেলিভিশন (অফিসার)-০৬]
ক. কর্মধারয় খ. উপপদ তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. দ্বিগু

৩. 'আশীবিষ' কোন সমাসের উদাহরণ? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সিভিল উপসহকারী প্রকৌশলী-১৬, অষ্টম শিক্ষক নিবন্ধন-১২]
ক. বহুব্রীহি সমাস খ. দ্বিগু সমাস গ. দ্বন্দ্ব সমাস ঘ. নিত্য সমাস

৪. 'নির্নিমেষ' শব্দটির অর্থ কী? [CAGDF (Auditor)-17]
ক. আমিষ খ. কঠিন গ. অপলক ঘ. হৃদয়হীন

৫. গৌড়ীয় ব্যাকরণের রচয়িতা- [সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক-১৯]
ক. রাজা রামমোহন রায় খ. রামরাম বসু গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. রামনারায়ণ তর্করত্ন

৬. মাইকেল মধুসূদন দত্তের জন্ম সাল কোনটি? [সাব রেজিস্ট্রার-০১]
ক. ১৮১৪ খ. ১৮২৪ গ. ১৮৩৪ ঘ. ১৮৪৪

৭. কত সালে 'মেঘনাদবধ কাব্য' প্রথম প্রকাশিত হয়? [৩৮তম বিসিএস]
ক. ১৮৬০ খ. ১৮৬৫ গ. ১৮৫৯ ঘ. ১৮৬১

৮. 'ওরে বাছা মাতৃকোষে রতনের রাজি, এ ভিখারী দশা তবে কেন তোর আজি'- এ পঙক্তিদ্বয় কোন কবিতার অন্তর্গত? [উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা-০৭]
ক. বলাকা খ. দারিদ্র্য গ. বঙ্গভাষা ঘ. ক্রন্দসী

৯. 'অশোক সৈয়দ' কার ছদ্মনাম? [৩১তম বিসিএস]
ক. আবদুল মান্নান সৈয়দ খ. সৈয়দ শামসুল হক গ. সৈয়দ আজিজুল হক ঘ. আবু সায়ীদ আইয়ুব

১০. 'কাব্যসুধাকর' কার উপাধি?
ক. সত্যেন্দ্রনাথ দত্ত খ. গোলাম মোস্তফা গ. আল মাহমুদ ঘ. শামসুর রাহমান

১১. 'বাংলার স্কট' বলা হয় কাকে?
ক. বঙ্কিমচন্দ্রকে খ. শরৎচন্দ্রকে গ. রবীন্দ্রনাথকে ঘ. কাজী নজরুলকে

১২. 'তুমি অধম, তাই বলে আমি উত্তম না হব কেন?'-এই উক্তিটির কার? [প্রাথমিক সহকারী শিক্ষক-৯৩, ৩২তম বিসিএস, পল্লী উন্নয়ন ও সমবায় এর মাঠ সংগঠক-১৪, বিআরডিবি উপজেলা প্রকল্প কর্মকর্তা-১৩]
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. কাজী নজরুল ইসলাম

১৩. রোহিণী-বিনোদিনী-কিরণময়ী কোন গ্রন্থগুচ্ছের চরিত্র? [২৩তম বিসিএস]
ক. বিষবৃক্ষ-চতুরঙ্গ-চরিত্রহীন খ. কৃষ্ণকান্তের উইল-যোগাযোগ-পথের দাবী
গ. দুর্গেশনন্দিনী-চোখের বালি-গৃহদাহ ঘ. কৃষ্ণকান্তের উইল-চোখের বালি-চরিত্রহীন

১৪. 'ভ্রান্তিবিলাস' কার লেখা? [বিটিভির সহকারী প্রকৌশলী (সিভিল)-১৭]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. প্রমথ চৌধুরী

১৫. কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পাদিত পত্রিকা কোনটি? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সিনিয়র স্টাফ নার্স-১৮, বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-১৮]
ক. সংবাদ প্রভাকর খ. বাঙ্গাল গেজেট গ. সম্বাদ কৌমদী ঘ. সমাচার দর্পণ

১৬. 'সংবাদ প্রভাকর' পত্রিকায় প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন? [সাব-রেজিস্ট্রার-১২]
ক. কাজী নজরুল ইসলাম খ. ঈশ্বরচন্দ্র গুপ্ত গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

১৭. 'রূপজালাল' উপন্যাসের রচয়িতা কে?
ক. স্বর্ণকুমারী দেবী খ. মানকী দেবী গ. সীতা দেবী ঘ. নওয়াব ফয়জুন্নেসা চৌধুরাণী

১৮. নিচের কোনটি ভ্রমণ সাহিত্য বিষয়ক গ্রন্থ নয়? [৩৬তম ও ৩২ বিসিএস]
ক. চার ইয়ারী কথা খ. পালামৌ গ. দৃষ্টিপাত ঘ. দেশে বিদেশে

১৯. বাক্যে কোন বিরাম চিহ্নের ব্যবহারের থামার প্রয়োজন নেই? [NSI (Field Officer)-19, তিতাস গ্যাস ফিল্ড (অফিসার)-১৮]
ক. কোলন খ. ড্যাস গ. অর্ধচ্ছেদ ঘ. বন্ধনী

২০. নিচের কোনটিতে বিরাম চিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি? [বেসরকারি শিক্ষক নিবন্ধন-১৪, পল্লী উন্নয়ন ও সমবায় এর মাঠ সংগঠক-১৪]
ক. ডিসেম্বর ১৬, ১৯৭১ খ. ২৬ মার্চ, ১৯৯১ গ. ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২ ঘ. পয়লা বৈশাখ, চৌদ্দশো একুশ

ধাতু ও ধাতুর গণ

♦ ক্রিয়া পদের মূল অংশকে বলা হয় ক্রিয়ার মূল বা ধাতু। ক্রিয়ার যে অংশকে আর বিশ্লিষ্ট করা যায় না, তাই ধাতু। ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দুটো অংশ পাওয়া যায়। ১. ধাতু বা ক্রিয়ামূল এবং ২. ক্রিয়া বিভক্তি। ক্রিয়াপদ থেকে ক্রিয়া বিভক্তি বাদ দিলে যা থাকে তাই ধাতু। যেমন- 'করে' একটি ক্রিয়াপদ। এদে দুটো অংশ রয়েছে: কর্+এ; এখানে 'কর্' ধাতু এবং 'এ' বিভক্তি।

♦ প্রকারভেদ: ধাতু প্রধানত তিন প্রকার। যথা:

১. মৌলিক ধাতু: যে ধাতুকে আর বিশ্লেষণ করা যায় না তাকে বলা হয় মৌলিক বা সিদ্ধ ধাতু। যেমন: চল্, কর্, বল্। মৌলিক ধাতু তিন প্রকার। যথা: ক. বাংলা, খ. সংস্কৃত, গ. বিদেশি।

ক. বাংলা ধাতু: যেসব ধাতু বা ক্রিয়ামূল সংস্কৃত থেকে সোজাসুজি আসেনি, সেগুলো হলো বাংলা ধাতু। যেমন- কাট্, কাঁদ, জান্, নাচ্ ইত্যাদি।

বাংলা ধাতু	সাধিত পদ	বাংলা ধাতু	সাধিত পদ
√আঁক্	আঁকা	√কাট্	কাটা
√কাঁদ	কাঁদা	√খা	খাওয়া, খাওন
√ধর্	ধরা, ধরন	√বাঁধ্	বাঁধা, বাঁধন
√রাখ্	রাখা, রাখন	√কর্	করা, করে
√দেখ্	দেখা, দেখন	√পড়্	পড়া, পড়ন

খ. সংস্কৃত ধাতু: বাংলা ভাষায় যেসব তৎসম ক্রিয়াপদের ধাতু প্রচলিত রয়েছে তাদের সংস্কৃত ধাতু বলে। যেমন: কৃ, ধৃ, গঠ্, স্থা ইত্যাদি।

সংস্কৃত ধাতু	সাধিত পদ	সংস্কৃত ধাতু	সাধিত পদ
√অঙ্ক্	অঙ্কন, অঙ্কিত	√কৃৎ	কর্তন, কর্তিত
√কথ্	কথ্য, কথিত	√কৃ	কৃত, কর্তব্য
√ক্রন্দ্	ক্রন্দন	√স্থা	স্থান
√গঠ্	গঠিত	√দৃশ্	দৃশ্য, দর্শন
√পঠ্	পঠন, পঠিত	√ধৃ	ধৃত, ধারণ

গ. বিদেশি ধাতু: প্রধানত হিন্দি এবং ক্বদাচিৎ আরবি-ফারসি ভাষা থেকে যেসব ধাতু বা ক্রিয়ামূল বাংলা ভাষায় গৃহীত হয়েছে, সেগুলোকে বিদেশাগত ধাতু বা ক্রিয়ামূল বলে। যেমন- ভিক্ষে মেগে খায়। এ বাক্যে 'মাগ্' ধাতু হিন্দি 'মাঙ্' থেকে আগত।
কিছু ক্রিয়ামূল রয়েছে যাদের ক্রিয়ামূলের মূল ভাষা নির্ণয় করা কঠিন। এ ধরনের ক্রিয়ামূলকে বলা হয় অজ্ঞাতমূল ধাতু। যেমন- 'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?' এ বাক্যে 'হের' ধাতুটি কোন ভাষা থেকে আগত তা জানা যায় না। তাই এটি অজ্ঞাতমূল ধাতু।

• কয়েকটি বিদেশি ধাতুর উদাহরণ দেওয়া হলো:

ধাতু	যে অর্থে ব্যবহৃত হয়	ধাতু	যে অর্থে ব্যবহৃত হয়
√আঁট্	শক্ত করে বাঁধা	√খাট্	মেহনত করা
√ঝুল	দোলা	√টুট	ছিন্ন হওয়া
√ফির্	পুনরাগমন	√ডাক্	আহ্বান করা
√টান্	আকর্ষণ	√লটক্	ঝুলানো

২. সাধিত ধাতু: মৌলিক ধাতু কিংবা কোনো কোনো নাম পদের সঙ্গে 'আ' প্রত্যয় যুক্ত হয়ে যে ধাতু হয় তাকে সাধিত ধাতু বলে। যেমন: চল্ + আ = চলা; কর্ + আ = করা; বল্ + আ = বলা; চলা, করা, বলা একই সঙ্গে সাধিত ধাতু, কৃদন্ত পদ এবং ক্রিয়া বিশেষ্য। সাধিত ধাতু তিন প্রকার। যথা: ক. নাম ধাতু; খ. প্রযোজক ধাতু; গ. কর্মবাচ্যের ধাতু।

ক. নাম ধাতু : বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে নতুন ধাতুটি গঠিত হয় তাই, নাম ধাতু। যেমন- সে ঘুমাচ্ছে। আমাকে ধমকিও না ('ধমক্' থেকে নাম ধাতু 'ধমকা')। বেত (বিশেষ্য) + আ (প্রত্যয়) = বেতা (নামধাতু)। শিক্ষক ছাত্রটিকে বেতাচ্ছেন।

খ. প্রযোজক ধাতু : মৌলিক ধাতুর পরে প্রেরণার্থ (অপরকে নিয়োজিত করা অর্থে) 'আ' প্রত্যয় যোগ করে প্রযোজক ধাতু বা ণিজন্ত ধাতু গঠিত হয়। যেমন- কর্ + আ = করা। পড়্ + আ = পড়া। তিনি ছেলেকে পড়াচ্ছেন।

গ. কর্মবাচ্যের ধাতু: মৌলিক ধাতুর সাথে 'আ' প্রত্যয় যোগে কর্মবাচ্যের ধাতু সাধিত হয়। এটি বাক্যেরকর্মপদের অনুসারী ক্রিয়ার ধাতু। (এ ধাতুকে প্রযোজক ধাতুর অন্তর্ভুক্ত বলে ধরা হয়)। যেমন: দেখ্ + আ = দেখা (কর্মবাচ্যের ধাতু)। কাজটি ভালো দেখায় না। হার্ + আ = হারা। 'যা কিছু হারায় গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর।'

৩. যৌগিক বা সংযোগমূলক ধাতু: বিশেষ্য, বিশেষণ ও ধ্বনাত্মক অব্যয়ের পরে মৌলিক ধাতু যুক্ত হয়ে যে ধাতু হয় তাকে যৌগিক ধাতু বলে। যেমন:
বিশেষ্যের পরে ধাতু: কাজ কর্
বিশেষণের পরে ধাতু: ভালো হ
অনুকারের পরে ধাতু: চুপচাপ পড়্
যৌগিক ধাতুর প্রকারভেদ নেই। সংখ্যা অনির্দিষ্ট।

• টেকনিক: ধাতু সম্পর্কিত সবই তিন প্রকার।

ধাতুর গণ

- গণ শব্দের অর্থ শ্রেণি।
- ধাতুর গণ বলতে ধাতুগুলোর বানানের ধরন বোঝায়।
- বাংলা ভাষায় সমস্ত ধাতুকে ২০টি গণে ভাগ করা হয়েছে। ধাতুর গণ ঠিক করতে দুটি বিষয় মাথায় রাখতে হবে। যেমন: ১. ধাতুটি কয়টি অক্ষরে গঠিত? ২. ধাতুর প্রথম বর্ণে সংযুক্ত স্বরবর্ণটি কী?

  লক্ষ্য করি: 'হওয়া' শব্দের ধাতু হ (হ+অ)। 'হ' একাক্ষর ধাতু এবং প্রথম বর্ণ হ্ এর সঙ্গে স্বরবর্ণ 'অ' যুক্ত আছে। সুতরাং, হ-আদিগণের মধ্যে ল-ধাতু (লওয়া) অন্তর্ভুক্ত।

- বাংলা ভাষার বিশটি ধাতুর গণ:

ক্রমিক	আদিগণ	ধাতু ও শব্দ	ক্রমিক	আদিগণ	ধাতু ও শব্দ
১	হ	হ (হওয়া), ল (লওয়া), ক্ষ (ক্ষয়)	১১	লাফা	কাটা, ডাকা, বাজা, আগা
২	খা	খা (খাওয়া), ধা (ধাওয়া), পা (পাওয়া), যা (যাওয়া)	১২	নাহা	গাহা
৩	দি	দি (দেওয়া), নি (নেওয়া)	১৩	ফিরা	ছিটা, শিখা, ঝিমা, চিরা
৪	শু	শু (শোয়া), ধু (ধোয়া), চুঁ (চোঁয়া), নু (নোয়ান), ছুঁ (ছোঁয়া)	১৪	ঘুরা	উঁচা, লুকা, কুড়া
৫	কর্	কর্ (করা), কম্ (কমা), চল্ (চলা)	১৫	ধোয়া	শোয়া, খোঁচা, খোয়া, গোছা
৬	কহ্	কহ্ (কহা), সহ্ (সহা), বহ্ (বহা)	১৬	দৌড়া	পৌঁছা, দৌড়া
৭	গাহ্	চাহ্, বাহ্, নাহ্	১৭	চট্কা	সম্ঝা, ধম্কা, কচ্লা
৮	কাট্	গাঁথ, চাল্, আঁক, বাঁধ, কাঁদ	১৮	বিগ্ড়া	হিঁচড়া, ছিট্কা, সিট্কা
৯	লিখ্	কিন্, ঘির্, জিত্, ফির্	১৯	উল্টা	দুম্ড়া, মুচ্ড়া, উপ্চা
১০	উঠ্	উড়্, শুন্, ফুট, খুঁজ, ডুব	২০	ছোবলা	কোঁচকা, কোকড়া, কোদলা

- ধাতুর গণ মনে রাখার সহজ উপায়-

  কাট, কর, হ, শু খা, দি, লিক, গাহ ঘুরা, ফিরা, উলটা
  ধোয়া, নাহা, চটকা উঠ, লাফা, দৌড়া ছোবলা, কহ, বিগড়া

ক্রিয়াবিভক্তি

- ক্রিয়ার দুইটি অংশ: প্রথম অংশ ধাতু বা ক্রিয়ামূল এবং দ্বিতীয় অংশ ক্রিয়াবিভক্তি। ক্রিয়ামূলের সঙ্গে যেসব লগ্নক যুক্ত হয়ে ক্রিয়ার কাল ও পক্ষ নির্দেশিত হয়, সেগুলোকে ক্রিয়াবিভক্তি বলে। যেমন-

  পড়ছি (পড়্ + ছি) - ক্রিয়ার এই রূপটি থেকে বোঝা যায় যে, এই ক্রিয়ার কর্তা বক্তা পক্ষের এবং এটা দিয়ে ঘটমান বর্তমান কালের পড়া ক্রিয়াকে বোঝায়।

  পড়বেন (পড়্ + বেন) - ক্রিয়ার এই রূপটি থেকে বোঝা যায় যে, এই ক্রিয়ার কর্তা শ্রোতা পক্ষের এবং এটা দিয়ে সাধারণ ভবিষ্যৎ কালের পড়া ক্রিয়াকে বোঝায়।

  পড়ছিল (পড়্ + ছিল) - ক্রিয়ার এই রূপটি থেকে বোঝা যায় যে, এই ক্রিয়ার কর্তা অন্য পক্ষের এবং এটা দিয়ে সাধারণ অতীতকালের পড়া ক্রিয়াকে বোঝায়।

  উপরের উদাহরণগুলোতে '-ছি', '-বেন', '-ছিল' এগুলো হলো ক্রিয়াবিভক্তি।

  অধিকাংশ বাংলা ক্রিয়ার দুটি রূপ আছে: সাধারণ রূপ ও প্রযোজক রূপ। উভয় রূপের সঙ্গে যুক্ত ক্রিয়াবিভক্তির রূপ আলাদা।

- নিচের সারণিতে ক্রিয়ামূল 'কর্'- এর সঙ্গে ক্রিয়াবিভক্তির প্রয়োগ দেখানো হলো:

কাল ↓ পক্ষ →	আমি	তুমি	তুই	সে	আপনি/তিনি
সাধারণ বর্তমান	-ই (করি)	-ও (করো)	-ইস (করিস)	-এ (করে)	-এন (করেন)
ঘটমান বর্তমান	-ছি (করছি)	-ছ (করছ)	-ছিস (করছিস)	-ছে (করছে)	-ছেন (করছেন)
পুরাঘটিত বর্তমান	-এছি (করেছি)	-এছ (করেছ)	-এছিস (করেছিস)	-এছে (করেছে)	-এছেন (করেছেন)
অনুজ্ঞা বর্তমান		-ও (করো)	-ইস (করিস)	-উফ (করুক)	-উন (করুন)
সাধারণ অতীত	-লাম (করলাম)	-লে (করলে)	-লি (করলি)	-ল (করল)	-লেন (করলেন)
ঘটমান অতীত	-ছিলাম (করছিলাম)	-ছিলে (করছিলে)	-ছিলি (করছিলি)	-ছিল (করছিল)	-ছিলেন (করছিলেন)
ঘটমান অতীত	-এছিলাম (করেছিলাম)	-এছিলে (করেছিলে)	-এছিলি (করেছিলি)	-এছিল (করেছিল)	-এছিলেন (করেছিলেন)
নিত্য অতীত	-তাম (করতাম)	-তে (করতে)	-তি (করতি)	-ত (করত)	-তেন (করতেন)
সাধারণ ভবিষ্যৎ	-ব (করব)	-বে (করবে)	-বি (করবি)	-বে (করবে)	-বেন (করবেন)
অনুজ্ঞা ভবিষ্যৎ		-ও (কোরো)	-বি (করবি)	-বে (করবে)	-বেন (করবেন)
অসমাপিকা	ভূত অসমাপিকা: -এ (করে); ভাবী অসমাপিকা: -তে (করতে); শর্ত অসমাপিকা: -লে (করলে)				

- প্রযোজক ক্রিয়ার সঙ্গে যুক্ত ক্রিয়াবিভক্তি

কাল ↓ পক্ষ →	আমি	তুমি	তুই	সে	আপনি/তিনি
সাধারণ বর্তমান	-আই (করাই)	-আও (করাও)	-আস (করাস)	-আয় (করায়)	-আন (করান)
ঘটমান বর্তমান	-ছি (করছি)	-ছ (করছ)	-ছিস (করছিস)	-ছে (করছে)	-ছেন (করছেন)
পুরাঘটিত বর্তমান	-ইয়েছি (করিয়েছি)	-ইয়েছ (করিয়েছ)	-ইয়েছিস (করিয়েছিস)	-ইয়েছে (করিয়েছে)	-ইয়েছেন (করিয়েছেন)
অনুজ্ঞা বর্তমান		-আও (করাও)	-আস (করাস)	-আক (করাক)	-আন (করান)
সাধারণ অতীত	-আলাম (করালাম)	-আলে (করালে)	-আলি (করালি)	-আল (করাল)	-আলেন (করালেন)
ঘটমান অতীত	-আচ্ছিলাম (করাচ্ছিলাম)	-আচ্ছিলে (করাচ্ছিলে)	-আচ্ছিলি (করাচ্ছিলি)	-আচ্ছিল (করাচ্ছিল)	-আচ্ছিলেন (করাচ্ছিলেন)
পুরাঘটিত অতীত	-ইয়েছিলাম (করিয়েছিলাম)	-ইয়েছিলে (করিয়েছিলে)	-ইয়েছিলি (করিয়েছিলি)	-ইয়েছিল (করিয়েছিল)	-ইয়েছিলেন (করিয়েছিলেন)
নিত্য অতীত	-আতাম (করাতাম)	-আতে (করাতে)	-আতি (করাতি)	-আত (করাত)	-আতেন (করাতেন)
সাধারণ ভবিষ্যৎ	-আব (করাব)	-আবে (করাবে)	-আবি (করাবি)	-আবে (করাবে)	-আবেন (করাবেন)
অনুজ্ঞা ভবিষ্যৎ		-ইয়ো (করিয়ো)	-আবি (করাবি)	-আবে (করাবে)	-আবেন (করাবেন)
অসমাপিকা	ভূত অসমাপিকা: -ইয়ে (করিয়ে); ভাবী অসমাপিকা: -আতে (করাতে); শর্ত অসমাপিকা: -আলে (করালে)				

প্রকৃতি ও প্রত্যয়

♦ প্রকৃতি: কোন মৌলিক শব্দের যে অংশকে কোনোভাবেই বিভক্ত বা বিশ্লেষণ করা যায় না, তাকে প্রকৃতি বলে। অর্থাৎ কোনো সাধিত পদ বা শব্দ থেকে যদি প্রত্যয় বা বিভক্তি সরিয়ে নেয়া যায়, তাহলে যে অংশ পাওয়া যায় তাই প্রকৃতি। অতএব বলা যায় যে, শব্দ বা পদের মূলই প্রকৃতি। 'দোকানি', 'ঢাকাই' শব্দের মূল 'দোকান', 'ঢাকা'। 'লিখা', 'করা' শব্দের মূল √লিখ্, √কর্ ইত্যাদি। এখানে √লিখ্, √কর্ হলো প্রকৃতি। উদাহরণ: পড়্ (প্রকৃতি) + উয়া (প্রত্যয়) = পড়ুয়া

♦ প্রকারভেদ: প্রকৃতি দুই প্রকার: ১. ক্রিয়া প্রকৃতি ২. নাম প্রকৃতি।

১. ক্রিয়া প্রকৃতি: ক্রিয়ার মূল বা ধাতুকে ক্রিয়া প্রকৃতি বলে। ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে মূলত দুইটি অংশ পাওয়া যায়। যথা: ১. ধাতু/ ক্রিয়া প্রকৃতি
২. ক্রিয়া বিভক্তি। 'ক্রিয়া প্রকৃতি' বোঝানোর জন্য প্রকৃতির আগে √ (মূলচিহ্ন) চিহ্ন ব্যবহার করা হয়। যেমন: করে = কর (ধাতু) + এ (বিভক্তি)।

২. নাম প্রকৃতি: নামপদের মূল অংশকে নাম প্রকৃতি বলে। উদাহরণ: 'শিক্ষার্থীরা' (শিক্ষার্থী + রা) শব্দের মূল অংশ শিক্ষার্থী, যা নাম প্রকৃতি; আর 'রা' হলো বিভক্তি।
প্রাতিপদিক: বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। লাজ, বড়, ঘর- এই শব্দগুলোর সঙ্গে কোনো বিভক্তি যোগ হয়নি। এগুলোই প্রাতিপদিক। যেমন: মা, হাত ইত্যাদি।

♦ প্রত্যয়: ক্রিয়ামূল বা নাম প্রকৃতির পরে যে শব্দখণ্ড যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে 'প্রত্যয়' বলে। প্রত্যয় শব্দের শেষে বসে। যেমন: √ডুব্ + অন্ত = ডুবন্ত, মনু + ষ্ণ = মানব; এখানে, 'অন্ত' এবং 'ষ্ণ' হল প্রত্যয়। প্রকারভেদ: প্রত্যয় প্রধানত দুই প্রকার। যথা:

১. কৃৎ প্রত্যয় বা ধাতু প্রত্যয়: যে বর্ণ বা বর্ণসমষ্টি ক্রিয়া বা ধাতুর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে কৃৎ প্রত্যয় বলে। যেমন: কান্না = √কাঁদ্ + না, দর্শনীয় = √দৃশ্ + অনীয় ইত্যাদি। কৃৎ প্রত্যয়ের ধাতুর আগে মূলচিহ্ন (√) বসে। কৃৎ প্রত্যয় যোগে গঠিত সাধিত পদকে কৃদন্ত পদ বলে। যেমন: √পড়্ + আ = পড়া। এখানে পড়া শব্দটি কৃদন্ত শব্দ।

ক. বাংলা কৃৎ প্রত্যয়: অ, অনা, অনি,অন্ত, অক, অন, আ, আও, আন, আনি, আরি, আল, ই, ইয়া, উ, উয়া, তা, তি, না- কৃৎ প্রত্যয়গুলো বাংলা ক্রিয়ামূল বা ধাতুর সাথে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে। যেমন: √চাল্ + আন = চালান, √কাঁদ্ + অন = কাঁদন, √বাড় + তি = বাড়তি, √কাঁদ্ + না = কান্না ইত্যাদি।

বাংলা কৃৎ প্রত্যয়যোগে শব্দ গঠন			
প্রত্যয়	উদাহরণ	প্রত্যয়	উদাহরণ
অ-প্রত্যয়	√ধর্ + অ = ধর; √মার্ + অ = মার	আল-প্রত্যয়	√মাত্ + আল = মাতাল, √বাচ্ + আল = বাচাল
অন-প্রত্যয়	√কাঁদ্ + অন = কাঁদন, নাচন, দোলন	ই-প্রত্যয়	√ভাজ্ + ই = ভাজি, √বেড়ু + ই = বেড়ি
অনা-প্রত্যয়	√দুল্ + অনা = দোলনা, √খেল্ + অনা = খেলনা	ইয়া-প্রত্যয়	√মর্ + ইয়া = মরিয়া, √নাচ্ + ইয়া = নাচিয়া
অন্ত-প্রত্যয়	√উড়ু + অন্ত = উড়ন্ত, √ডুব্ + অন্ত = ডুবন্ত	উ-প্রত্যয়	√ডাক্ + উ = ডাকু, √ঝাড়ু + উ = ঝাড়ু
অক-প্রত্যয়	√মুড়ু + অক = মোড়ক, √ঝল্ + অক = ঝলক	উক-প্রত্যয়	√মিশ্ + উক = মিশুক
আ-প্রত্যয়	√পড়ু + আ = পড়া, √বাঁধ্ + আ = বাঁধা	উয়া-প্রত্যয়	√পড়ু + উয়া = পড়ুয়া > পড়ো
আও-প্রত্যয়	√চড়ু + আও = চড়াও, √পাকড়ু + আও = পাকড়াও	আরি-প্রত্যয়	√ডুব্ + আরি = ডুবুরি (কর্মে দক্ষ অর্থে)
আন-প্রত্যয়	√চাল্ + আন = চালান, √মান্ + আন = মানান	তা-প্রত্যয়	√ফির্ + তা = ফিরতা, √বহ্ + তা = বহতা
আনি-প্রত্যয়	√জান্ + আনি = জানানি; √শুন্ + আনি = শুনানি	তি-প্রত্যয়	√ঘাট্ + তি + ঘাটতি, √বাড়ু + তি = বাড়তি
আরি-প্রত্যয়	√ধুন্ + আরি = ধুনারি, √পূজ্ + আরি = পূজারী (কর্মে দক্ষ অর্থে)	না-প্রত্যয়	√কাঁদ্ + না = কান্না, √রাঁধ্ + না = রান্না

খ. সংস্কৃত কৃৎ প্রত্যয়:

- ক্ত-প্রত্যয় : ক্ত প্রত্যয় এ 'ক' বর্জিত হয়, ব্যবহৃত হয় ত। যেমন: জ্ঞাত, খ্যাত।
- ক্তি-প্রত্যয় : এই প্রত্যয়ের ইৎ হলো 'ক'; শব্দে ব্যবহৃত হয় 'তি'। যেমন: গতি।
- তৃচ্-প্রত্যয় : এই প্রত্যয়ে ইৎ হয় 'চ' এবং শব্দে ব্যবহৃত হয় 'তৃ'। প্রথমা একবচনে 'তৃ' স্থলে 'তা' হয়। যেমন: দাতা, মাতা।
- ঘ্যণ-প্রত্যয় : ঘ্যণ-প্রত্যয়ের ইৎ হলো ঘ, ণ। শব্দে ব্যবহৃত হয় য-ফলা (্য)। যেমন: কার্য্য > কার্য, ধার্য।
- ণিন-প্রত্যয় : ণিন প্রত্যয়ের ইৎ অর্থাৎ বর্জিত অংশ ণ; শব্দে ব্যবহৃত হয় ইন্। ইন্ শব্দে ঈ-কার হয়। যেমন: গ্রাহী, পায়ী।
- অল্-প্রত্যয় : এই প্রত্যয়ে 'ল' ইৎ; শব্দে ব্যবহৃত হয় 'অ'। যেমন: জয়, ক্ষয়।
- শানচ্-প্রত্যয়: শ, চ, ইৎ হয়; আন বিকল্পে মান থাকে। যেমন: দীপ্যমান, চলমান, বর্ধমান।
- ঘঞ্-প্রত্যয় : এই প্রত্যয় ঘ্ এবং ঞ ইৎ; শব্দে ব্যবহৃত হয় 'অ'। যেমন: বাস, যোগ, ক্রোধ, খেদ।

২. তদ্ধিত প্রত্যয় বা শব্দ প্রত্যয়: নাম বা শব্দের সাথে বা শেষে যেসব প্রত্যয় যোগ হয়ে নতুন শব্দ গঠিত হয় তাদের তদ্ধিত প্রত্যয় বলে। যেমন: ছেলেটি বড় লাজুক। লাজুক শব্দটি গঠিত হয়েছে এভাবে- লাজ্ + উক = লাজুক। এখানে লাজ শব্দের পরে উক প্রত্যয় যোগ করা হয়েছে। তদ্ধিত প্রত্যয়যোগে যেসব শব্দ গঠিত হয় সেগুলোকে তদ্ধিতান্ত শব্দ বলে।

ক. বাংলা তদ্ধিত প্রত্যয়:

১. আ-প্রত্যয়: অবজ্ঞার্থে: চোর্ + আ = চোরা, কেষ্ট + আ = কেষ্টা
বৃহদার্থে: ডিঙি + আ = ডিঙা
সদৃশ অর্থে: বাঘ + আ = বাঘা, হাত + আ = হাতা
সমষ্টি অর্থে: বাইশ + আ = বাইশা > বাইশে
অন্তর্ভুক্ত অর্থে: রোগ + আ = রোগা
ক্রিয়া বিশেষ্য গঠনে: চাষ্ + আ = চাষা

২. আই-প্রত্যয়: ভাববাচক বিশেষ্য গঠনে: বড় + আই = বড়াই, চড় + আই = চড়াই
আদরার্থে: কানু + আই = কানাই
স্ত্রী বা পুরুষবাচকতা শব্দের বিপরীতে: ননদ + আই = নন্দাই
সমগুণবাচক বিশেষ্য গঠনে: মিঠা + আই = মিঠাই
জাত অর্থে: ঢাকা + আই = ঢাকাই (জামদানি)
বিশেষণ গঠনে: চোর + আই = চোরাই (মাল)
মোগল + আই = মোগলাই (পরোটা)

৩. আমি-প্রত্যয়:ভাব অর্থে: ইতর + আমি = ইতরামি, চোর + আমি = চোরামি, বাঁদর + আমি = বাঁদরামি, ফাজিল + আমি = ফাজলামো

৪. ই/ঈ-প্রত্যয়:ভাব অর্থে: বাহাদুর + ই = বাহাদুরি
মালিক অর্থে: জমিদার + ই = জমিদারি
বৃত্তি বা পেশা বা ব্যবসায় অর্থে: ডাক্তার + ই = ডাক্তারি, পোদ্দার + ই = পোদ্দারি
ভাষা, জাতি, দেশ, ধর্ম ইত্যাদি বোঝাতে: ইংরেজ + ই = ইংরেজি, বাঙাল + ই = বাঙালি, ইসলাম + ই = ইসলামি

৫. ইয়া > এ-প্রত্যয়: তৎকালীন বোঝাতে: সেকাল + এ = সেকেলে
উপকরণ বোঝাতে: মাটি + ইয়া = মাটিয়া > মেটে
উপজীবিকা অর্থে: জাল + ইয়া = জালিয়া > জেলে
নৈপুণ্য বোঝাতে: খুন + ইয়া = খুনিয়া > খুনে
অব্যয়জাত বিশেষণ গঠনে: কনকন + এ = কনকনে (শীত)

৬. উয়া > ও-প্রত্যয়: যুক্ত অর্থে: টাক + উয়া = টাকুয়া > টেকো
সংশ্লিষ্ট অর্থে: গাঁ + উয়া = গাঁইয়া > গেঁয়ো
উপজীবিকা অর্থে: মাছ + উয়া = মাছুয়া > মেছো

৭. আরি/ আরী-প্রত্যয়: বিশেষণ গঠনে: ভিখ + আরি = ভিখারি; শাঁখ + আরি = শাঁখারি

৮. আলি/ আলো-প্রত্যয়:
বিশেষ্য ও বিশেষণ গঠনে: ধার + আল = ধারাল, জমক + আলো = জমকালো, ঘটক + আলি = ঘটকালি

খ. তৎসম (সংস্কৃত) তদ্ধিত প্রত্যয়:

- য-ফলা (্য) = ষ্ণ্য: কুমার + ষ্ণ্য = কৌমার্য, গম্ভীর + ষ্ণ্য = গাম্ভীর্য, মধুর + ষ্ণ্য = মাধুর্য, ধীর + ষ্ণ্য = ধৈর্য, পর্বত + ষ্ণ্য = পার্বত্য।
- ই = ষিঃ: মধুর + ষিঃ = মাধুরি, রাবণ + ষিঃ = রাবণি, দশরথ + ষিঃ = দাশরথি।
- ইক = ষিঃক: শরীর + ষিঃক = শারীরিক, বর্ষ + ষিঃক = বার্ষিক, ভূগোল + ষিঃক = ভৌগলিক, হেমন্ত + ষিঃক = হৈমন্তিক।
- অ = ষঃ: গুরু + ষঃ = গৌরব, মনু + ষঃ = মানব, বন্ধু + ষঃ = বান্ধব, বিষ্ণু + ষঃ = বৈষ্ণব, জিন + ষঃ = জৈন, পৃথিবী + ষঃ = পার্থিব, চিত্র + ষঃ = চৈত্র। এখানে উল্লেখ্য যে, 'ষঃ' প্রত্যয়যুক্ত শব্দে মূল স্বরের বৃদ্ধি হয়।

- বী = বিনঃ মেধা + বিন্ = মেধাবী, তপঃ + বিন্ = তপস্বী, তেজঃ + বিন = তেজস্বী, যশঃ + বিন = যশস্বী।
- ইমা=ইমনঃ নীল + ইমন = নীলিমা, লাল + ইমন = লালিমা, মহৎ + ইমন = মহিমা, দীর্ঘ + ইমন = দ্রাঘিমা। [ব্যতিক্রমঃ প্রেম = প্রিয় + ইমন]
- তা/ত্ব পরিবর্তন হবেঃ মধুর + তা = মধুরতা, শত্রু + তা = শত্রুতা, মহৎ + ত্ব = মহত্ত্ব, বন্ধু + ত্ব = বন্ধুত্ব।
- ঈন = নীনঃ সর্বজন + নীন = সর্বজনীন, কুল + নীন = কুলীন।
- মান = মতুপ্ আর বান = বতুপঃ গুণ + বতুপ্ = গুণবান, শ্রী + মতুপ্ = শ্রীমান, বুদ্ধি + মতুপ = বুদ্ধিমান, রূপ + বতুপ্ = রূপবান।
- নিপাতনে সিদ্ধঃ সৌর = সূর্য + ষ্ণ।
- অপত্যার্থেঃ মানব = মনু + ষ্ণ।

গ. বিদেশি তদ্ধিত প্রত্যয়ঃ

- ফারসি প্রত্যয়ঃ গর > কর প্রত্যয় যোগেঃ কারি + গর = কারিগর, সওদা + গর = সওদাগর
  দার প্রত্যয় যোগেঃ দেনা + দার = দেনাদার, চৌকি + দার = চৌকিদার, পাহারা + দার = পাহারাদার
  বাজ প্রত্যয় যোগেঃ ধোঁকা + বাজ = ধোঁকাবাজ, কলম + বাজ = কলমবাজ
  বন্দি প্রত্যয় যোগেঃ জবান + বন্দি = জবানবন্দি, নজর + বন্দি = নজরবন্দি
  খানা প্রত্যয় যোগেঃ ছাপা + খানা = ছাপাখানা, বৈঠক + খানা = বৈঠকখানা
  গিরি প্রত্যয় যোগেঃ বাবু + গিরি = বাবুগিরি, সাধু + গিরি = সাধুগিরি

- হিন্দি প্রত্যয়ঃপনা প্রত্যয় যোগেঃ গিন্নি + পনা = গিন্নিপনা, বেহায়া + পনা = বেহায়াপনা
  আনা > আনি প্রত্যয় যোগেঃ মুনশী + আনা = মুনশীআনা, বিবি + আনা = বিবিআনা, হিন্দু + আনি
  সা > সে প্রত্যয় যোগেঃ পানি + সা = পানসা > পানসে, কাল + সা = কালসা > কালসে
  ওয়ালা > আলা প্রত্যয়যোগেঃ বাড়ি + ওয়ালা = বাড়িআলা/ বাড়িওয়ালা, দুধ + ওয়ালা = দুধওয়ালা

পদ প্রকরণ

♦ বাক্যে ব্যবহৃত প্রতেক্যটি অর্থবোধক শব্দকে পদ বলে। অর্থাৎ বিভক্তিযুক্ত শব্দ মাত্রই পদ। পদকে মোট আটটি শ্রেণিতে ভাগ করে বর্ণনা করা যায়। যথাঃ ১. বিশেষ্য ২. বিশেষণ ৩. সর্বনাম ৪. ক্রিয়া ৫. ক্রিয়া বিশেষণ ৬. অনুসর্গ ৭. যোজক ৮. আবেগ

- বিশেষ্য পদঃ যেসব শব্দ দিয়ে ব্যক্তি, প্রাণি, স্থান, বস্তু, ধারণা ও গুণের নাম বোঝায়, সেগুলোকে বিশেষ্য বলে। যেমনঃ নজরুল, বাঘ, ঢাকা, ইট, ভোজন, সততা ইত্যাদি।
  বিশেষ্যের শ্রেণিবিভাগঃ বিশেষ্য সাধারণত ছয় প্রকার। যথাঃ

১. নাম বিশেষ্যঃ ব্যক্তি, স্থান, দেশ, কাল, সৃষ্টি প্রভৃতির সুনির্দিষ্ট নামকে নাম-বিশেষ্য বলা হয়। যেমনঃ
স্থান নামঃ ঢাকা, বাংলাদেশ, হিমালয়, পদ্মা।
কালনামঃ সোমবার, বৈশাখ, জানুয়ারি, রমজান।
সৃষ্টিনামঃ গীতাঞ্জলি, সঞ্চিতা, ইত্তেফাক, অপরাজেয় বাংলা।
২. জাতি-বিশেষ্যঃ জাতি বিশেষ্য সাধারণ বিশেষ্য নামেও পরিচিত। এ ধরনের বিশেষ্য নির্দিষ্ট কোনো নামকে না বুঝিয়ে প্রাণী ও অপ্রাণীর সাধারণ নামকে বোঝায়। যেমন- মানুষ, গরু, ছাগল, ফুল, ফল, নদী, সাগর, পর্বত ইত্যাদি।
৩. বস্তু বিশেষ্যঃ কোনো দ্রব্য বা বস্তুর নামকে বস্তু-বিশেষ্য বলে। যেমন- ইট, লবণ, আকাশ, টেবিল, বই ইত্যাদি।
৪. সমষ্টি বিশেষ্যঃ এ ধরনের বিশেষ্য দিয়ে ব্যক্তি বা প্রাণীর সমষ্টিকে বোঝায়। যেমন- জনতা, পরিবার, ঝাঁক, বাহিনী, মিছিল ইত্যাদি।
৫. গুণ বিশেষ্যঃ গুণগত অবস্থা ও ধারণার নামকে গুণ বিশেষ্য বলে। যেমন- সরলতা, দয়া, আনন্দ, গুরুত্ব, দীনতা, ধৈর্য ইত্যাদি।
৬. ক্রিয়া বিশেষ্যঃ যে বিশেষ্য দিয়ে কোনো ক্রিয়া বা কাজের নাম বোঝায়, তাকে ক্রিয়া-বিশেষ্য বলে। যেমন- পঠন, ভোজন, শয়ন, করা, করানো, পাঠানো, নেওয়া ইত্যাদি।

- বিশেষণ পদঃ যে শব্দ দিয়ে বিশেষ্য ও সর্বনামের গুণ, দোষ, সংখ্যা, পরিমাণ, অবস্থা ইত্যাদি বোঝায়, তাকে বিশেষণ বলে। যেমন- সুন্দর ফুল, বাজে কথা, পঞ্চাশ টাকা, হাজার সমস্যা, তাজা মাছ।
  বিশেষণের শ্রেণিবিভাগঃ কোন শ্রেণির শব্দকে বিশেষিত করে, সেই অনুযায়ী বিশেষণকে আলাদা করা যায়। বিশেষণ শব্দটি কীভাবে গঠিত হয়েছে, সেই বিবেচনায়ও বিশেষণকে ভাগ করা যায়। এছাড়া বাক্যের মধ্যে বিশেষণটির অবস্থান কোথায় তা দিয়েও বিশেষণকে চিহ্নিত করা যায়। এসব বিবেচনায় বিশেষণকে নানা নামে উপস্থাপন করা যেতে পারে। যেমনঃ
- বিভিন্নভাবে বিশেষণ গঠনের পদ্ধতিঃ

ক্রিয়াজাত	**হারানো** সম্পত্তি, **খাবার** পনি, **অনাগত** দিন
অব্যয়জাত	**আচ্ছা** মানুষ, **উপরি** পাওনা, **হঠাৎ** বড়লোক
সর্বনামজাত	**কবেকার** কথা, **কোথাকার** কে, **স্বীয়** সম্পত্তি
সমাসসিদ্ধ	**বেকার**, **নিয়ম**-বিরুদ্ধ, **জ্ঞান**হারা, **চৌচালা** ঘর
বীপ্সামূলক	**হাসিহাসি** মুখ, **কাঁদকাঁদ** চেহারা, **ডুবুডুবু** নৌকা
অনুকার অব্যয়জাত	**কনকনে** শীত, **শনশনে** হাওয়া, **ধিকিধিকি** আগুন, **টসটসে** ফল

কৃদন্ত	**কৃতী** সন্তান, **জানাশোনা** লোক, **হৃত** সম্পত্তি, **অতীত** কাল, পায়ে চলা পথ
তদ্ধিতান্ত	**জাতীয়** সম্পদ, **নৈতিক** বল, **মেঠো** পথ
উপসর্গযুক্ত	**নিখুঁত** কাজ, **অপহৃত** সম্পদ, **নির্জলা** মিথ্যে
বিদেশি	**নাস্তানুবুদ** অবস্থা, **লাওয়ারিশ** মাল, **লাখেরাজ** সম্পত্তি, **দরপত্তনি** তালুক
বর্ণবাচক	**নীল** আকাশ, **সবুজ** মাঠ, **কালো** মেঘ
গুণবাচক	**চালাক** ছেলে, **ঠাণ্ডা** পানি, **দক্ষ** কারিগর
অবস্থাবাচক	**তাজা** মাছ, **চলন্ত** ট্রেন, **তরল** দুধ
ক্রমবাচক	**এক** টাকা, **আট** দিন
পূরণবাচক	**তৃতীয়** প্রজন্ম, **৩৪তম** অনুষ্ঠান
পরিমাণবাচক	**আধা** কেজি, **পাঁচ** শতাংশ ভূমি
উপাদানবাচক	**বেলে** মাটি, **মেটে** কলসি, **পাথুরে** মূর্তি
প্রশ্নবাচক	**কেমন** অবস্থা, **কতক্ষণ** সময়
নির্দিষ্টতাবাচক	**এই** দিনে, **সেই** সময়, **ছাব্বিশে** মার্চ
ভাববাচক	**খুব** ভালো খবর, গাড়িটা **বেশ** জোরে চলছে।
বিধেয় বিশেষণ	লোকটা **পাগল**, এই পুকুরের পানি **ঘোলা**।

- একই পদের বিশেষ্য ও বিশেষণ রূপে প্রয়োগ:

ভালো : বিশেষণ রূপে : **ভালো** বাড়ি পাওয়া কঠিন।
বিশেষ্য রূপে : আপন **ভালো** সবাই চায়।

মন্দ : বিশেষণ রূপে : **মন্দ** কথা বলতে নেই।
বিশেষ্য রূপে : এখানে কি **মন্দটা** তুমি দেখলে?

পুণ্য : বিশেষণ রূপে : তোমার এ **পুণ্য** প্রচেষ্টা সফল হোক।
বিশেষ্য রূপে : **পুণ্যে** মতি হোক।

নিশীথ : বিশেষণ রূপে : **নিশীথ** রাতে বাজছে বাঁশি।
বিশেষ্য রূপে : গভীর **নিশীথে** প্রকৃতি সুপ্ত।

সত্য : বিশেষণ রূপে : **সত্য** পথে থেকে সত্য কথা বল।
বিশেষ্য রূপে : এ এক বিরাট **সত্য**।

আপন : বিশেষণ রূপে : **আপন** ভালো পাগলেও বুঝে।
বিশেষ্য রূপে : **আপনকে** কেউ ভোলেনা।

চেনা : বিশেষণ রূপে : এ যে আমাদের **চেনা** লোক।
বিশেষ্য রূপে : মানুষ **চেনা** কঠিন।

বড় : বিশেষণ রূপে : টাকা থাকলেই **বড়** লোক হয় না।
বিশেষ্য রূপে : **বড়** ছোট ভেদাভেদ আমার নেই।

নীল : বিশেষণ রূপে : **নীল** আকাশে চাঁদ শোভা পাচ্ছে।
বিশেষ্য রূপে : **নীল** একটি রঙের নাম।

পাপ : বিশেষণ রূপে : **পাপ** কাজে সুখ নেই।
বিশেষ্য রূপে : লোভে **পাপ**, পাপে মৃত্যু।

শেষ : বিশেষণ রূপে : এটাই কি তোমার **শেষ** কথা?
বিশেষ্য রূপে : এ তর্কের **শেষ** নেই।

ধরা : বিশেষণ রূপে : **ধরা** মাছ কি কেউ ছেড়ে দেয়?
বিশেষ্য রূপে : মাছ **ধরা** জেলেদের পেশা।

অল্প : বিশেষণ রূপে : এত **অল্প** ভাতে পেট ভরবে না।
বিশেষ্য রূপে : **অল্পে** সন্তুষ্ট থাকা ভালো।

- সর্বনাম: বিশেষ্যের পরিবর্তে ব্যবহৃত শব্দকে সর্বনাম শব্দ বলে। বাক্যের মধ্যে বিশেষ্য যে ভূমিকা পালন করে, সর্বনাম অনুরূপ ভূমিকা পালন করে। যেমন- "শিমুল মনোযোগের সঙ্গে পড়াশোনা করত। তাই সে পরীক্ষায় ভালো করেছে"। দ্বিতীয় বাক্যের 'সে' প্রথম বাক্যের 'শিমুল' এর পরিবর্তে বসেছে। বিশেষ্য শব্দের মতো সর্বনাম শব্দের সঙ্গেও বিভক্তি, নির্দেশক, বচন প্রভৃতি যুক্ত হয়।
- সর্বনামের শ্রেণিবিভাগ: সর্বনামকে নিচের নয়টি শ্রেণিতে ভাগ করা যায়।

১. ব্যক্তিবাচক সর্বনাম	আমি, আমরা, আমাকে, আমাদের, তুমি, তোমরা, তুই, তোরা, আপনি, আপনারা, তোমাকে, তোকে, আপনাকে
২. আত্মবাচক সর্বনাম	নিজে (সে নিজে অঙ্কটা করেছে), স্বয়ং, খোদ
৩. নির্দেশক সর্বনাম	নিকট নির্দেশক: এ, এই, এরা, ইনি দূর নির্দেশক : ও, ওই, ওরা, উনি

৪. অনির্দিষ্ট সর্বনাম	কেউ, কোথাও, কিছু, একজন (একজন এসে খবরটা দেয়)
৫. প্রশ্নবাচক সর্বনাম	কে, কারা, কাকে, কার, কী (কী দিয়ে ভাত খায়?)
৬. সাপেক্ষ সর্বনাম	যারা-তারা, যে-সে, যেমন-তেমন, (যেমন কর্ম তেমন ফল), যত-তত (যত গর্জে তত বর্ষে না)
৭. পারস্পরিক সর্বনাম	পরস্পর, নিজেরা নিজেরা (যাবতীয় দ্বন্দ্ব নিজেরা নিজেরা মিটমাট কর)
৮. সকলবাচক সর্বনাম	সবাই, সকলে, সকলকে, সবার, সমস্ত, সব
৯. অন্যবাচক সর্বনাম	অন্য, অপর, পর, অমুক

- ক্রিয়াপদ: যে পদ দ্বারা কোন কার্য সম্পাদন করা বোঝায় তাকে ক্রিয়াপদ বলে। যেমন-
  ১. নিলয় বই **পড়ে**।
  ২. বাংলাদেশ উন্নত দেশ **হবে**।
- বৈশিষ্ট্য: ১. বাক্য গঠনের জন্য ক্রিয়াপদ অপরিহার্য। তবে কখনো কখনো ক্রিয়াপদ উহ্য থাকতে পারে। একে অনুক্ত ক্রিয়াপদ বলে। যেমন:
  তোমার নতুন ক্লাস কেমন? = তোমার নতুন ক্লাস কেমন (হচ্ছে)?
  ইনি আমার ভাই = ইনি আমার ভাই (হন)।
- ক্রিয়াপদে শ্রেণিবিভাগ:

ক. ভাবপ্রকাশের দিক দিয়ে ক্রিয়া দুই প্রকার। যথা: ১. সমাপিকা ক্রিয়া ২. অসমাপিকা ক্রিয়া

১. সমাপিকা ক্রিয়া : যে ক্রিয়াপদে বাক্যের অর্থ পরিপূর্ণভাবে প্রকাশ পায়, কোনো ধরনের আকাঙ্ক্ষা থাকে না তাকে সমাপিকা ক্রিয়া বলে। যেমন- প্রমোদ বই পড়ছে। আমি ভাত খেয়ে স্কুলে যাব।

২. অসমাপিকা ক্রিয়া : যে ক্রিয়াপদে বাক্যের অর্থ পরিপূর্ণভাবে প্রকাশ পায় না, আরও কিছু জানার আগ্রহ থাকে তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন: তোমার চিঠি পেয়ে ....। আমি ভাত খেয়ে .... ইত্যাদি।

খ. বাক্যে কয়টি কর্ম রয়েছে তার ভিত্তিতে ক্রিয়া ৩ প্রকার। যথা: ১. সকর্মক ক্রিয়া ২. অকর্মক ক্রিয়া ৩. দ্বিকর্মক ক্রিয়া

১. সকর্মক ক্রিয়া : যে ক্রিয়া পদের কমপক্ষে একটি কর্ম থাকে তাকে সকর্মক ক্রিয়া বলে। যেমন- আলিম বই পড়ে। এখানে 'পড়ে' ক্রিয়া সম্পন্ন হচ্ছে 'বই' কর্মের মাধ্যমে।

২. অকর্মক ক্রিয়া : যে ক্রিয়াপদের কোনো কর্ম থাকে না তাকে অকর্মক ক্রিয়া বলে। যেমন: আফিক ঘুমায়। এখানে 'ঘুমায়' ক্রিয়ার কোন কর্ম নেই।

৩. দ্বিকর্মক ক্রিয়া : যে ক্রিয়াপদের একটি প্রাণিবাচক এবং আরেকটি অপ্রাণিবাচক কর্ম থাকে তাকে দ্বিকর্মক ক্রিয়া বলে। যেমন- মা ছেলেকে চাঁদ দেখাচ্ছেন। এখানে, 'দেখাচ্ছেন' ক্রিয়ার কর্ম ২টি। ১. ছেলে ⇒ প্রাণিবাচক কর্ম। ২. চাঁদ ⇒ বস্তুবাচক কর্ম।

গ. গঠন বিবেচনায় ক্রিয়া পাঁচ রকম:

১. সরল ক্রিয়া : একটিমাত্র পদ দিয়ে যে ক্রিয়া গঠিত হয় এবং কর্তা এককভাবে ক্রিয়াটি সম্পন্ন করে, তাকে সরল ক্রিয়া বলে। যেমন- সে লিখছে। ছেলেরা মাঠে খেলছে। এখানে লিখছে ও খেলছে - এগুলো সরল ক্রিয়া।

২. প্রযোজক/ ণিজন্ত ক্রিয়া: কর্তা নিজে কাজ না করে অন্যকে দিয়ে করালে তাকে প্রযোজক ক্রিয়া বলে। যেমন- তিনি আমাকে অঙ্ক করাচ্ছেন; রাখাল গরুকে ঘাস খাওয়ায়- এখানে 'করাচ্ছেন' ও 'খাওয়ায়' প্রযোজক ক্রিয়া।

৩. নামক্রিয়া : বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক শব্দের শেষে 'অ' বা 'আনো' প্রত্যয় যুক্ত হয়ে যে ক্রিয়া গঠিত হয় তাকে নামক্রিয়া বলে। যেমন: বিশেষ্য চমক শব্দের সঙ্গে -আনো যুক্ত হয়ে হয় চমকানো: আকাশে বিদ্যুৎ চমকায়; বিশেষণ কম শব্দের সঙ্গে -আ যুক্ত হয়ে হয় হয় কমা: বাজারে সবজির দাম কমছে না; ধ্বন্যাত্মক ছটফট শব্দের সঙ্গে-আনো যুক্ত হয়ে হয় ছটফটানো: জবাই করা মুরগি উঠানে ছটফটায়।

৪. সংযোগ ক্রিয়া : বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক শব্দের পরে করা, কাটা, হওয়া, দেওয়া, ধরা, পাওয়া, খাওয়া, মারা প্রভৃতি ক্রিয়া যুক্ত হয়ে সংযোগ ক্রিয়া গঠিত হয়। যেমন-
'করা' ক্রিয়া যোগে : গান করা, গরম করা, ঠনঠন করা, ব্যাট করা।
'কাটা' ক্রিয়া যোগে : সাঁতার কাটা, বিপদ কাটা।
'হওয়া' ক্রিয়া যোগে : উদয় হওয়া, বড়ো হওয়া, রাজি হওয়া।
'দেওয়া' ক্রিয়া যোগে: কথা দেওয়া, মন দেওয়া, দোষ দেওয়া
'ধরা' ক্রিয়া যোগে : ভাঙন ধরা, মরচে ধরা, ক্যাচ ধরা।
'পাওয়া' ক্রিয়া যোগে: লজ্জা পাওয়া, কষ্ট পাওয়া, বৃদ্ধি পাওয়া।
'খাওয়া' ক্রিয়া যোগে: আছাড় খাওয়া; মার খাওয়া, ডিগবাজি খাওয়া।
'মারা' ক্রিয়া যোগে : উঁকি মারা, পকেট মারা।

৫. যৌগিক ক্রিয়া: অসমাপিকা ক্রিয়ার সঙ্গে সমাপিকা ক্রিয়া যুক্ত হয়ে যখন একটি ক্রিয়া গঠন করে, তখন তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন- মরে যাওয়া, কমে আসা, এগিয়ে চলা, হেসে ওঠা, উঠে পড়া, পেয়ে বসা, বেঁধে দেওয়া, বুঝে নেওয়া, বলে ফেলা, চেপে রাখা।

- ক্রিয়া বিশেষণ: যে শব্দ ক্রিয়াকে বিশেষিত করে, তাকে ক্রিয়াবিশেষণ বলে। নিচের বাক্য তিনটির নিম্নরেখ শব্দগুলো ক্রিয়াবিশেষণের উদাহরণ: ছেলেটি **দ্রুত** দৌড়ায়। লোকটি **ধীরে** হাঁটে। মেয়েটি **গুনগুনিয়ে** গান করছে। অনেক সময়ে বিশেষ্য ও বিশেষণ শব্দের সঙ্গে '-এ', '-তে' ইত্যাদি বিভক্তি এবং '-ভাবে' '-বশত', '-মতো' ইত্যাদি শব্দাংশ যুক্ত হয়ে ক্রিয়াবিশেষণ তৈরি হয়। যেমন- ততক্ষণে, দ্রুতগতিতে, শান্তভাবে, ভ্রান্তিবশত, আচ্ছামতো ইত্যাদি।

- ক্রিয়া বিশেষণের প্রকারভেদ: ক্রিয়াবিশেষণকে কয়েক ভাগে ভাগ করা যায়। যথা:

১. ধরনবাচক ক্রিয়াবিশেষণ: কোনো ক্রিয়া কীভাবে সম্পন্ন হয়, যে ক্রিয়াবিশেষণ তা নির্দেশ করে তাকে ধরণবাচক ক্রিয়াবিশেষণ বলে। যেমন- **টিপটিপ** বৃষ্টি পড়ছে। **ঠিকভাবে** চললে কেউ কিছু বলবে না।

২. কালবাচক ক্রিয়াবিশেষণ: এই ধরনের ক্রিয়াবিশেষণ ক্রিয়া সম্পাদনের কাল নির্দেশ করে। যেমন- **আজকাল** ফলের চেয়ে ফুলের দাম বেশি। **যথাসময়ে** সে হাজির হয়।

৩. স্থানবাচক ক্রিয়াবিশেষণ: ক্রিয়ার স্থান নির্দেশ করে যে ক্রিয়াবিশেষণ তাকে স্থানবাচক ক্রিয়াবিশেষণ বলে। যেমন: মিছিলটি **সামনে** এগিয়ে যায়। তাকে **কোথাও** খুঁজে পাওয়া যাচ্ছে না।

৪. নেতিবাচক ক্রিয়াবিশেষণ: না, নি ইত্যাদি দিয়ে ক্রিয়ার নেতিবাচক অবস্থা বোঝায়। এগুলো সাধারণত ক্রিয়ার পরে বসে। যেমন- সে এখন যাবে **না**। তিনি বেড়াতে যান**নি**। এমন কথা আমার জানা **নেই**।

৫. পদাণু ক্রিয়াবিশেষণ: বাক্যের মধ্যে বিশেষ কোনো ভূমিকা পালন না করলে 'কি', 'যে', 'বা', 'না', 'তো' প্রভৃতি পদাণু ক্রিয়াবিশেষণ হিসেবে কাজ করে। যেমন- কি: আমি **কি** যাব? যে: খুব **যে** বলেছিলেন আসবেন! বা: কখনো **বা** দেখা হবে।
না: একটু ঘুরে আসুন **না**, ভালো লাগবে। তো: মরি **তো** মরব।

- গঠন বিবেচনায় ক্রিয়াবিশেষণকে একপদী ও বহুপদী- এই দুই ভাগে ভাগ করা যায়:
একপদী ক্রিয়াবিশেষণ: আস্তে, জোরে, চেঁচিয়ে, সহজে ভালোভাবে ইত্যাদি। বহুপদী ক্রিয়াবিশেষণ: ভয়ে ভয়ে, চুপি চুপি ইত্যাদি।

অনুসর্গ

♦ বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদরূপে আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, সেগুলোকে অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বলে। যেমন: সে কাজ ছাড়া কিছুই বোঝে না। কোন পর্যন্ত পড়েছ?
অনুসর্গগুলো কখনো প্রাতিপদিকের পরে ব্যবহৃত হয়, আবার কখনো বা 'কে' এবং 'র' বিভক্তিযুক্ত শব্দের পরে বসে। যেমন-
বিনা: দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে? (প্রাতিপদিকের পরে)
সনে: ময়ূরীর সনে নাচিছে ময়ূর। (ষষ্ঠী বিভক্তিযুক্ত শব্দের পরে)

♦ অনুসর্গের শ্রেণিবিভাগ: অনুসর্গগুলোকে গঠন অনুসারে ও ব্যুৎপত্তি অনুসারে ভাগ করা চলে। ব্যুৎপত্তি অনুসারে অনুসর্গগুলোকে দু'ভাগে ভাগ করা যায়। যেমন: ১. নাম বা বিশেষ্য অনুসর্গ এবং ২. ক্রিয়া অনুসর্গ।

১. নাম বা বিশেষ্য অনুসর্গ: ক্রিয়া ছাড়া অন্য শব্দ থেকে আগত অনুসর্গগুলোকে নামজাত বা বিশেষ্য অনুসর্গ বলে। ঐতিহাসিক উৎস অনুসারে নামজাত অনুসর্গ তিন প্রকারের। যথা: ক. সংস্কৃত অনুসর্গ, খ. বিবর্তিত অনুসর্গ, গ. ফারসি অনুসর্গ।

ক. সংস্কৃত অনুসর্গ জাতীয় অনুসর্গ হলো- অপেক্ষা, অভিমুখে, উপরে, কর্তৃক, জন্য, দিকে। যেমন: মহানগর এক্সপ্রেস চট্টগ্রাম **অভিমুখে** ঢাকা ছেড়েছে। গ্রীষ্ম **অপেক্ষা** বর্ষা ভালো। মাথার **উপরে** নীল আকাশ। প্রধানমন্ত্রী **কর্তৃক** সেতুটি উদ্বোধন করা হয়েছে। তার **জন্য** আর অপেক্ষা করো না। ঘূর্ণিঝড় চট্টগ্রামের **দিকে** এগুচ্ছে।

খ. বিবর্তিত (তদ্ভব) অনুসর্গ: এ জাতীয় অনুসর্গ হলো-আগে, কাছে, তরে, পানে, পাশে, বই, ভেতরে, মাঝে, সাথে, সামনে ইত্যাদি। যেমন: সবার **আগে** আমি এসে বসে আছি। তার **কাছে** কলমটা নেই। সে আমাকে **ছাড়া** থাকতে পারে না। বিপন্ন মানবেতর **পাশে** আমাদের দাঁড়ানো উচিত।

গ. ফারসি অনুসর্গ: বাংলা ভাষায় ফারসি অনুসর্গের মধ্যে রয়েছে- দরুন, বদলে, বনাম, বাদে, বাবদ, বরাবর ইত্যাদি। যেমন: বৃষ্টির **দরুন** খেলা পণ্ড হয়ে গেল। আমাকে এটার **বদলে** ওটা দিন। খেলা চলছে আবাহনী **বনাম** মোহামেডান। আমাকে কী **বাবদ** টাকাটা দিলেন?

২. ক্রিয়াজাত অনুসর্গ: ক্রিয়া থেকে নির্মিত অনুসর্গগুলোকে ক্রিয়াজাত অনুসর্গ বলে। ক্রিয়াজাত অনুসর্গ হলো: করে, থেকে, দিয়ে, ধরে, হতে ইত্যাদি। যেমন: ভালো **করে** পড়াশোনা করো। মন **দিয়ে** কাজ করো। আপনি সাহায্য করেছেন **বলেই** কাজটা হয়েছে। আমার কথা শুনে সে যেন আকাশ **থেকে** পড়ল।

- **কিছু গুরুত্বপূর্ণ অনুসর্গের প্রয়োগ**

অনুসর্গ	অর্থ	উদাহরণ
সহ	সহগামিতা	তিনি পুত্রসহ উপস্থিত হইলেন।
সহিত	সমসূত্রে	শত্রুর সহিত সন্ধি চাইনা।
সনে	বিরুদ্ধগামিতা	দংশনক্ষত শ্যেন বিহঙ্গ যুঝে ভুজঙ্গ সনে।
অবধি	পর্যন্ত	সন্ধ্যা অবধি অপেক্ষা করব।
পরে	স্বল্প বিরতি	এ ঘটনার পরে আর এখানে থাকা যায় না।
পর	দীর্ঘ বিরতি	শরতের পর আসে বসন্ত।
	ধারাবাহিকতা	একের পর এক গুলি ছোঁড়া হলো।
পানে	প্রতি/ দিকে	শুধু তোমার মুখের পানে চাহি বাহির হনু।
পক্ষে	সক্ষমতা	রাজার পক্ষে সব কিছুই সম্ভব।
	সহায়	আসামির পক্ষে উকিল কে?
হেতু	নিমিত্ত	কী হেতু এসেছ তুমি কহ বিস্তরিয়া।
জন্যে	নিমিত্ত	এ ধন সম্পদ তোমার জন্যে।

মাঝে	মধ্যে	সীমার মাঝে অসীম তুমি।
	একদেশিক	এ দেশের মাঝে একদিন সব ছিল।
	ক্ষণকাল	নিমেষের মাঝেই সব শেষ হয়ে গেল।
মাঝারে	ব্যাপ্তি	আছ তুমি প্রভু জগত মাঝারে।
সঙ্গে	তুলনা	মায়ের সঙ্গে মেয়ের তুলনা হয় না।
বশত	কারণ	দুর্ভাগ্যবশত সভায় উপস্থিত থাকতে পারিনি।
প্রতি	ওপর	নিদারুণ তিনি অতি, নাহি দয়া তব প্রতি।
তরে	মত	ও জনমের তরে বিদায় নিলাম।
বিনা (কাব্যিক রূপ বিনে)	ব্যতিরেকে	বিনে স্বদেশি ভাষা, মিটে কি আশা।

বাংলা ভাষায় বহু অনুসর্গ প্রচলিত আছে। এগুলো মনে রাখার সহজ উপায় নিম্নে উল্লেখিত হলো:

প্রতি, বিনা, সনে, বিহনে, সহ, অবধি, পর,
হেতু, মধ্যে, মাঝে, পরে, থেকে, ভিন্ন, ওপর,
জন্য, জন্যে, বই, ব্যতীত, অপেক্ষা, তরে,
সাথে, কর্তৃক, সঙ্গে, হইতে, পর্যন্ত, সহকারে,
পানে, দ্বারা, পাছে, হতে, ভিতর, মাঝারে, চেয়ে,
অধিক, পক্ষে, নামে, মত, নিকট, দিয়া, দিয়ে।

- যোজক:দুই বা তার অধিক পদ, বর্গ বা বাক্যকে যেসব শব্দ বা শব্দাংশ যুক্ত করে, সেগুলোকে যোজক বলে। যেমন- এবং, ও, আর, অথবা, তবু, সুতরাং, কারণ, তবে ইত্যাদি।
- যোজকের শ্রেণিবিভাগ: বৈশিষ্ট্য অনুযায়ী যোজককে নিম্নলিখিত শ্রেণিতে ভাগ করা যায়:

১. সাধারণ যোজক (দুটি শব্দ বা বাক্যকে যোগ করে)	রহিম ও করিম এই কাজটি করেছে। জলদি দোকানে যাও এবং পাউরুটি কিনে আনো।
২. বিকল্প যোজক (একাধিক শব্দ বা বাক্যের মধ্যে বিকল্প নির্দেশ করে)	লাল বা নীল কলমটা আনো। চা না হয় কফি খান।
৩. বিরোধ যোজক (বাক্যের দুটি অংশের বক্তব্যের মধ্যে বিরোধ তৈরি করে)	এত পড়লাম, কিন্তু পরীক্ষায় ভালো করতে পারলাম না। তাকে আসতে বললাম, তবু এল না।
৪. কারণ যোজক (বাক্যের দুটি অংশের মধ্যে সংযোগ ঘটায় যার একটি অন্যটির কারণ)	জিনিসের দাম বেড়েছে, কারণ চাহিদা বেশি। বসার সময় নেই, তাই যেতে হচ্ছে।
৫. সাপেক্ষ যোজক (একে অন্যের পরিপূরক হয়ে বাক্যে ব্যবহৃত হয়)	যদি রোদ ওঠে, তবে রওনা দেব। যত পড়ছি, ততই নতুন করে জানছি।

- আবেগ:যেসব শব্দের সাহায্যে মনের নানা ভাব বা আবেগকে প্রকাশ করা হয় সেসব শব্দকে আবেগ শব্দ বলা হয়। যেমন- ছি ছি, আহা, বাহ্, শাবাশ, হায় হায় ইত্যাদি।
- নিচে বিভিন্ন ধরনের আবেগ শব্দের প্রয়োগ দেখানো হলো-

১. সিদ্ধান্ত আবেগ (অনুমোদন, সম্মতি, সমর্থন ইত্যাদি ভাব প্রকাশ করা হয়।)	**হ্যাঁ**, আমাদের জিততেই হবে। **বেশ**, তবে যাওয়াই যাক।
২. প্রশংসা আবেগ	**শাবাশ**! এমন খেলাই তো চেয়েছিলাম। **বাহ্**! চমৎকার লিখেছ।
৩. বিরক্তি আগে	**ছি ছি**! এরকম কথা তার মুখে মানায় না। **জ্বালা**! তোমাকে নিয়ে আর পারি না।
৪. আতঙ্ক আবেগ	**উহ্**, কী বিপদে পড়া গেল। **বাপরে বাপ**! কী ভয়ঙ্কর ছিল রাক্ষসটা।
৫. বিস্ময় আবেগ	**আরে**! তুমি আবার কখন এলে? **আহ্**, কী চমৎকার দৃশ্য!
৬. করুণা আবেগ	**আহা**! বেচারার এত কষ্ট। **হায় হায়**! ওর এখন কী হবে।
৭. সম্বোধন আবেগ	**হে** বন্ধু, তোমাকে অভিনন্দন। **ওগো**, তোরা জয়ধ্বনি কর।
৮. অলঙ্কার আবেগ (বাক্যের অর্থের পরিবর্তন না ঘটিয়ে কোমলতা, মাধুর্য ইত্যাদি বৈশিষ্ট্য এবং সংশয়, অনুরোধ, মিনতি ইত্যাদি মনোভাব প্রকাশের জন্য অলঙ্কার হিসেবে ব্যবহৃত হয়।)	**ধুর পাগল**! তোর কিছুই হয়নি। **যাক গে**, ওসব ভেবে লাভ নেই।

পদ পরিবর্তন

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
রেশম	রেশমী	বপন	বোনা	সৌন্দর্য	সুন্দর
শখ	শৌখিন	সামর্থ্য	সমর্থ	প্রকৃতি	প্রাকৃত, প্রাকৃতিক
তিরস্কার	তিরস্কৃত	লজ্জা/ লাজ	লজ্জিত, লাজুক	বন	বুনো
সমর	সামরিক	মৃৎ	মৃন্ময়	মোহ	মুগ্ধ
সন্ধ্যা	সান্ধ্য	স্পর্শ	স্পৃষ্ট	অঙ্গ	আঙ্গিক
সংক্ষেপ	সংক্ষিপ্ত	অনভ্যাস	অনভ্যস্ত	অনুগমন	অনুগত
অনুবাদ	অনূদিত	অনুপ্রবেশ	অনুপ্রবিষ্ট	অবসাদ	অবসন্ন
অভ্যন্তর	অভ্যন্তরীণ, আভ্যন্তরীণ	অভ্যুদয়	অভ্যুত্থান	ক্ষীণতা	ক্ষীণ, ক্ষীয়মাণ
ক্ষুণ্নিবারণ, ক্ষুণ্নিবৃত্তি	ক্ষুণ্নিবৃত্ত	খনন	খদিত	গঙ্গা	গাঙ্গেয়
গরিমা	গৌরবিত, গৌরবান্বিত	গ্রহণ	গ্রহণীয়	গান	গেয়
অরণ্য	আরণ্যক	আনুগত্য	অনুগত	আসক্তি	আসক্ত
ইচ্ছা	ঐচ্ছিক, ইচ্ছুক	ইন্দ্রজাল	ঐন্দ্রজালিক	ঈর্ষা	ঈর্ষান্বিত
ঈশ্বর	ঐশ্বরিক	উগ্রতা	উগ্র	উচ্চারণ	উচ্চারিত, উচ্চার্য, উচ্চারণীয়
দৈন্য, দীনতা	দীন	কাঠ	কাষ্ঠল	উড্ডয়ন	উড্ডীন, উড্ডীয়মান
উদ্দেশ্য	উদ্দিষ্ট	উদ্ধৃতি	উদ্ধৃত	ওজস্বিতা	ওজস্বী
ঔদ্ধত্য	উদ্ধত	ঔপম্য/ঔপমিক	উপমা	বাক	বাগ্মী/ বাচাল
প্রশ্ন	পৃষ্ট	গিরি	গৈরিক	পরাভব	পরাভূত
ডিম্ব	ডিম্বজ	তত্ত্ব	তাত্ত্বিক	তালু	তালব্য
প্রজ্ঞা	প্রাজ্ঞ	প্রত্যয়	প্রতীত	লবণ	লবণাক্ত, লাবণ্য
উৎকর্ষ	উৎকৃষ্ট	চক্ষু	চাক্ষুষ	চতুরালি	চতুর

বাংলা সাহিত্য

আধুনিক যুগের সাহিত্যিকগণ

♦ রবীন্দ্রনাথ ঠাকুর

- কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ৭ মে, ১৮৬১ খ্রিস্টাব্দে (বাংলা ২৫ বৈশাখ, ১২৫৮) কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতামহ- প্রিন্স দ্বারকানাথ ঠাকুর, পিতামহি- দিগম্বরী দেবী, পিতা- দেবেন্দ্রনাথ ঠাকুর ও মাতা- সারদা দেবী। তিনি পিতা-মাতার ১৫ জন সন্তানের মধ্যে ১৪তম সন্তান এবং ৮ম পুত্র। তাঁর পারিবারিক উপাধি- কুশারী। তিনি পারিবারিকভাবে ব্রাহ্ম ধর্মাবলম্বী ছিলেন। তাঁর পূর্বপুরুষের বাস ছিল খুলনার রূপসা নদীর তীরে পিঠাভোগ অঞ্চলে।
- তিনি ৯ ডিসেম্বর, ১৮৮৩ সালে খুলনার দক্ষিণ ডিহি গ্রামের মেয়ের ভবতারিণী দেবীকে বিয়ে করেন। বিয়ের পর স্ত্রীর নাম রাখেন মৃণালিনী দেবী।
- তিনি সাধনা (১৮৯৪), ভারতী (১৮৯৮), বঙ্গদর্শন (১৯০১), তত্ত্ববোধিনী (১৯১১) পত্রিকা সম্পাদনা করেন।
- ব্রিটিশ সরকার ৩ জুন, ১৯১৫ সালে রবীন্দ্রনাথকে 'নাইটহুড' উপাধি প্রদান করেন। কিন্তু ১৯১৯ সালে পাঞ্জাবের অমৃতসরের জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ডের প্রতিবাদে তিনি তা বর্জন করেন। এছাড়াও তাঁকে মহাত্মা গান্ধী 'গুরুদেব'; ক্ষিতিমোহন সেন 'কবিগুরু' ও ব্রহ্মবান্ধব উপাধ্যায় 'বিশ্বকবি' উপাধিতে ভূষিত করেন।
- তাঁর মোট ৯টি ছদ্মনাম পাওয়া যায়। যথা- ভানুসিংহ ঠাকুর, অকপট চন্দ্র ভাস্কর, আন্নাকালী পাকড়াশী, ষষ্ঠীচরণ দেবশর্মা, বাণীবিনোদ বিদ্যাবিনোদ, শ্রীমতি কনিষ্ঠা, শ্রীমতি মধ্যমা, দিকশূন্য ভট্টাচার্য, নবীন কিশোর শর্মা।
- 'গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদ 'Song Offerings' এর জন্য তিনি ১৯১৩ সালের নভেম্বর মাসে সাহিত্যে নোবেল পুরস্কার পান। 'Song Offerings' ইংরেজিতে কবি নিজেই অনুবাদ করেন এবং ভূমিকা লিখেন W. B. Yeats।
- তিনি ১৯১৩ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৪০ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে ডি.লিট ডিগ্রি লাভ করেন।
- তিনি ৭ আগস্ট, ১৯৪১ সালে (বাংলা- ২২ শ্রাবণ, ১৩৪৮) দুপুরটা ১২টা ১০ মিনিটে মৃত্যুবরণ করেন।
- রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থ ও কবিতা:

  কবি কাহিনী (১৮৭৮) [প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ], বনফুল (১৮৮০), সন্ধ্যাসঙ্গীত (১৮৮২), ভানুসিংহ ঠাকুরের পদাবলী (১৮৮৪), কড়ি ও কোমল (১৮৮৬), সোনার তরী (১৮৯৪) [সোনার তরী কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত], চিত্রা (১৮৯৬), ক্ষণিকা (১৯০০), কল্পনা (১৯০০), খেয়া (১৯০৬), গীতাঞ্জলি (১৯১০), বলাকা (১৯১৬), মহুয়া (১৯২৯), পুনশ্চ (১৯৩২), শ্যামলী (১৯০৬), নবজাতক (১৯৪০), সানাই (১৯৪০), জন্মদিনে (১৯৪১), শেষ লেখা (১৯৪১ সালে মৃত্যুর পর প্রকাশিত শেষ কাব্য)।

- রবীন্দ্রনাথের নাটক:

গীতিনাট্য	বাল্মীকি প্রতিভা (১৮৮১) [প্রথম গীতিনাট্য], বসন্ত [কবিগুরু এটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন]।
রূপক ও সাংকেতিক নাটক	ডাকঘর (১৯১১), কালের যাত্রা (শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে উৎসর্গ করেন), তাসের দেশ (নেতাজী সুভাষচন্দ্র বসুকে উৎসর্গ করেন), রক্তকরবী, রাজা, বিসর্জন (অমিত্রাক্ষর ছন্দে রচিত)।
নৃত্যনাট্য	চিত্রাঙ্গদা (অমিত্রাক্ষর ছন্দে রচিত), চণ্ডালিকা, শ্যামা, তপতী।
কাব্যনাট্য	প্রকৃতির প্রতিশোধ, মায়ার খেলা, বিদায় অভিশাপ।
অন্যান্য নাটক	শারদোৎসব (১৯০৮), প্রায়শ্চিত্র, মুক্তধারা (১৯২২)।
প্রহসন	বৈকুণ্ঠের খাতা (১৮৯৭), চিরকুমার সভা (১৯২৬), শেষ রক্ষা।

- রবীন্দ্রনাথের উপন্যাস:
করুণা (রবীন্দ্রনাথ রচিত প্রথম উপন্যাস, রচনাকাল-১৮৭৭, প্রকাশকাল-১৯৬১), বৌ ঠাকুরানীর হাট (প্রথম প্রকাশিত উপন্যাস-১৮৮৩), রাজর্ষি (ঐতিহাসিক উপন্যাস-১৮৮৭), চোখের বালি (বাংলা সাহিত্যের প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস-১৯০৩), নৌকাডুবি (সামাজিক উপন্যাস-১৯০৬), প্রজাপতি নির্বন্ধ (হাস্যরসাত্মক উপন্যাস-১৯০৮), গোরা (রাজনৈতিক উপন্যাস-১৯১০), চতুরঙ্গ (১৯১৬), ঘরে বাইরে (উপজীব্য বিষয়-ব্রিটিশ ভারতের রাজনীতি, রচনাকাল-১৯১৬), শেষের কবিতা (কাব্যধর্মী উপন্যাস-১৯২৯), যোগাযোগ (১৯২৯), দুইবোন (১৯৩৩), চার অধ্যায় (১৯৩৪), মালঞ্চ (১৯৩৪)।
- রবীন্দ্রনাথের প্রবন্ধ: বিবিধ প্রসঙ্গ (১ম প্রবন্ধ), পঞ্চভূত (১৮৯৭), কালান্তর, সভ্যতার সংকট (সর্বশেষ গদ্যরচনা), বিশ্বপরিচয় (বিজ্ঞান বিষয়ক গ্রন্থ)।

- রবীন্দ্রনাথের ভ্রমণ কাহিনী: য়ুরোপ প্রবাসীর পত্র (প্রথম প্রকাশিত ভ্রমণকাহিনী), জাভা যাত্রীর পত্র, জাপান যাত্রী, রাশিয়ার চিঠি (১৯৩১)।
- পত্র সংকলন: ছিন্নপত্র (১৯২২), ভানুসিংহের পত্রাবলী।
- আত্মজীবনী- জীবনস্মৃতি (১৯১২), ছেলেবেলা (১৯৪০)।
- রবীন্দ্রনাথের ছোটগল্প:

১. প্রেম সম্পর্কিত : শেষকথা, মধ্যবর্তিনী, সমাপ্তি (নায়িকা-মৃন্ময়ী), নষ্টনীড় (প্রধান চরিত্র-চারু), একরাত্রি (নায়িকা-সুরবালা)।
২. সমাজ সম্পর্কিত : ছুটি (প্রধান চরিত্র-ফটিক), হৈমন্তী (প্রধান চরিত্র-হৈমন্তী, অপু, গৌরীশঙ্কর। যৌতুক প্রথার প্রাধান্য)। পোস্টমাস্টার (প্রধান চরিত্র-রতন), দেনাপাওনা (বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্প), খোকাবাবুর প্রত্যাবর্তন (প্রধান চরিত্র-রাইচরণ), কাবুলিওয়ালা (প্রধান চরিত্র-রহমত, খুকি। মুসলমান চরিত্র সংযুক্ত), শাস্তি (প্রধান চরিত্র-চন্দরা), দুরাশা, মাস্টার মশাই।
৩. অতিপ্রাকৃত গল্প : ক্ষুধিত পাষাণ (চরিত্র-মেহের আলী), কঙ্কাল, নিশীথে, জীবিত ও মৃত (প্রধান চরিত্র-কাদম্বিনী)।

♦ কাজী নজরুল ইসলাম

- বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম সত্য প্রকাশের দুরন্ত সাহস নিয়ে আমৃত্য সকল অন্যায় ও শোষণের বিরুদ্ধে ছিলেন সোচ্চার ও প্রতিবাদী। এ জন্য তাঁকে বাংলা সাহিত্যের 'বিদ্রোহী কবি' বলা হয়।
- কাজী নজরুল ইসলাম ২৪মে, ১৮৯৯ সালে (বাংলা ১১ই জ্যৈষ্ঠ, ১৩০৬) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোলের চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন।
- পিতা- কাজী ফকির আহমেদ ও মাতা- জাহেদা খাতুন।
- ডাকনাম- দুখু মিয়া। অন্যান্য নাম-ত্যারা ক্ষ্যাপা, নজর আলী, নুরু।
- ১৯২১ সালে কুমিল্লার মুরাদনগরে সৈয়দা খাতুনের (নার্গিস) সাথে আকদ হয়। জবরদস্তিমূলক বৈবাহিক শর্তের কারণে নজরুল কনেকে পরিত্যাগ করেন। পরবর্তীতে ১৯২৪ সালের ২৫ এপ্রিল আশালতা সেনগুপ্ত (ডাকনাম- দুলি) এর সঙ্গে বিবাহ হয়। তিনি তাঁর ২য় স্ত্রীর নাম রাখেন- 'প্রমীলা'।
- ১৯৪২ সালে মাত্র ৪২ বছর বয়সে 'পিক্স ডিজিজ' ব্যাধিতে আক্রান্ত হয়ে বাকশক্তি হারিয়ে ফেলেন।
- ১৯৭২ সালের ২৪ মে সপরিবারে তাঁকে স্থায়ীভাবে বাংলাদেশে আনা হয় (প্রথম আসেন ১৯২৬ সালের জুন মাসে, মোট ঢাকায় আসেন-১৩ বার)। ১৯৭৪ সালের এক সংবর্ধনায় তাঁকে জাতীয় কবি হিসেবে ঘোষণা করা হয়।
- তিনি ২৯ আগস্ট, ১৯৭৬ সালে (বাংলা ১২ই ভাদ্র, ১৩৮৩) ৭৭ বছর বয়সে ঢাকার পিজি হাসপাতালে ইহলোক ত্যাগ করেন। তাঁকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মসজিদের পাশে সমাধিস্থ করা হয়।
- সাহিত্যকর্ম:

১. কাব্যগ্রন্থ: অগ্নিবীণা (১৯২২), প্রথম প্রকাশিত কাব্য এবং এতে মোট ১২টি কবিতা রয়েছে। প্রথম কবিতা- প্রলয়োল্লাস, দ্বিতীয় ও অন্যতম কবিতা-বিদ্রোহী এবং শেষ কবিতা-মোহররম। কবি এটি বিপ্লবী বারীন্দ্রকুমার ঘোষকে উৎসর্গ করেন। এ কাব্যগ্রন্থের অন্তর্গত রক্তাম্বরধারিনী মা (রাজনৈতিক কবিতা) কবিতাটি নিষিদ্ধ হয়। এটি কবির উদার নৈতিক ঐতিহ্য ভাবনার ধারক।
দোলনচাঁপা (প্রেমের কাব্য এবং প্রথম কবিতা 'আজ সৃষ্টি সুখের উল্লাসে), ভাঙার গান (১৯২৪), বিষের বাঁশি (নিষিদ্ধ ২২ অক্টোবর ১৯২৪ এবং নিষেধাজ্ঞা প্রত্যাহার ২৭ এপ্রিল ১৯৪৫), ছায়ানট (১৯২৪), চিত্তনামা, ঝিঙেফুল (শিশুতোষ কাব্য), সাতভাই চম্পা, সর্বহারা (১৯২৬), সিন্ধু হিন্দোল (প্রেমকাব্য এবং এ কাব্যের বিখ্যাত কবিতা-দারিদ্র্য), চক্রবাক, সন্ধ্যা (এ কাব্যের অন্যতম কবিতা 'চল চল চল' এর ২১ চরণ বাংলাদেশের রণসঙ্গীত), প্রলয়শিখা (এ কাব্যের জন্য কবি ৬ মাস কারাভোগ করেন), মরুভাস্কর (মহানবি হযরত মুহাম্মদ (স) এর জীবনীগ্রন্থ), সঞ্চিতা (এটি কবিগুরু, রবীন্দ্রনাথ ঠাকুরকে উৎসর্গ করা হয়), সাম্যবাদী, ফণি-মনসা, পূবের হাওয়া, নির্ঝর, নতুন চাঁদ (১৯৩৯), চন্দ্রবিন্দু (হাসি ও ব্যঙ্গের কাব্য), সাম্যবাদী (এ কাব্যের অন্তর্ভুক্ত কবিতা-নারী, মানুষ, সাম্যবাদী, কুলিমজুর)।
২. উপন্যাস: বাঁধনহারা (বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস এবং কবির প্রথম উপন্যাস), মৃত্যুক্ষুধা (ত্রিশাল গ্রাম ও অসহযোগ আন্দোলনের প্রেক্ষাপটে রচিত), কুহেলিকা (রাজনৈতিক উপন্যাস)।
৩. গল্পগ্রন্থ: ব্যথার দান (প্রথম প্রকাশিত গল্পগ্রন্থ), রিক্তের বেদন, শিউলিমালা এ গ্রন্থের গল্প- পদ্ম-গোখরা, জিনের বাদশা, শিউলিমালা।

৪. প্রবন্ধগ্রন্থ: রাজবন্দীর জবানবন্দি (১৯২৩), যৌবনের গান, যুগবাণী, রুদ্রমঙ্গল, দুর্দিনের যাত্রী।
৫. অনুবাদগ্রন্থ: রুবাইয়াৎ-ই-ওমর-খৈয়াম, রুবাইয়াৎ-ই-হাফিজ।
